বাংলাদেশের মুক্তিযুদ্ধ Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

| নিয়মিত পৌরকর পরিশোধ করুন |
|---|

# দুর্গাপুর পৌরসভা

দুর্গাপুর নেত্রকোণা।

স্থাপিত-১৯৯৪

| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি |
|---|

ফোন- ০৯৫২৫৫৬১০০

ওয়েব সাইট- www.pourashava.durgapur.netrokona.gov.bd

স্মারক নং: দুর্গা:পৌর/প্রশা/অস্থায়ী হাট-বাজার২০২৩-

তারিখ : ০৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ। ২০ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ।

## অস্থায়ী কোরবানির পশুর হাট উন্মুক্ত ডাকের ইজারা বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি. তারিখে জারিকৃত সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি, ব্যবস্থাপনা এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা'র এর ১০.২ নং অনুচ্ছেদের আলোকে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা (স্থানীয় সরকার শাখার) ২০ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.০৫.০০১.২০-৩১৩ স্মারক মোতাবেক আসন্ন ঈদ-উল-আযহা/২০২৩ উপলক্ষ্যে দুর্গাপুর পৌরসভাধীন নিম্ন বর্ণিত কোরবানির পশুর হাট আগামী ২৩-০৬-২০২৩ খ্রি: তারিখ হইতে ২৮-০৬-২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিনের জন্য অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হইবে। ইজারার শর্তবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ২২-০৬-২০২৩ খ্রি. তারিখ রোজ: বৃহস্পতিবার, বেলা: ১২.০০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে উপস্থিত হয়ে এক হাজার টাকা (অফেরৎযোগ্য) তালিকাভূক্তি ফি এবং দশ হাজার টাকা (ফেরতযোগ্য) জামানত হিসাবে পৌর কার্যালয়ের হিসাব শাখায় জমা প্রদান করিতে হইবে।

| ক্র: নং | অস্থায়ী কোরবানীর পশুর হাটের নাম | সময় কাল | সরকারি ইজারা মূল্য | তালিকাভূক্তি ফি (অফেরৎযোগ্য) | জামানত (ফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|
| ১ | মুজিবনগর আবাসন সংলগ্ন মাঠ | আগামী ২৩-০৬-২০২৩ খ্রি: তারিখ হইতে ২৮-০৬-২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিন। | ৩,১৮০/- | ১,০০০/- | ১০,০০০/- |
| ২ | এম.কে.সি.এম হাইস্কুল সংলগ্ন মাঠ | | ৬০,৯৫০/- | ১,,০০০/- | ১০,০০০/- |

## অস্থায়ী পশুর হাটের ইজারার শর্তাবলী:

০১. অস্থায়ী পশুর হাট হাট আগামী ২৩-০৬-২০২৩ খ্রি: তারিখ হইতে ২৮-০৬-২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিনের জন্য ইজারা প্রদান করা হইবে। উল্লেখ্য যে, যে কোন সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক ইজারা মেয়াদ নির্ধারিত হইবে।

০২. ইজারা অংশগ্রহণকারীগণকে আগামী ২২-০৬-২০২৩ খ্রি: তারিখে বেলা: ১২.০০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে উপস্থিত হয়ে সরাসরি উন্মুক্ত ডাকে অংশগ্রহণ করিতে হইবে।

০৩. এক হাজার টাকা (অফেরৎযোগ্য) তালিকাভূক্তি ফি এবং দশ হাজার টাকার (ফেরতযোগ্য) জামানত হিসাবে জমা প্রদান করত: ডাকে অংশগ্রহণ করা যাইবে।

০৪. ইজারার যথাযথ বিধি মোতাবেক উন্মুক্ত ডাকে বিজয়ী ইজারাদারকে ১৫% ভ্যাট ও ১০% আয়কর সহ ইজারার সমূদয় অর্থ তাৎক্ষণিকভাবে পরিশোধ করতে হইবে। অন্যথায় ২য় সর্বোচ্চ দরদাতা বা পর্যায়ক্রমে যে, ইজারাদার সমূদয় অর্থ পরিশোধ করিতে পারিবে তাকেই সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হইবে।

০৫.কোন অবস্থাতেই জনসাধারণের চলাচলের ব্যবহৃত সড়ক বা মহাসড়কের উপর বা সন্নিকটে পশুর হাট বসানো যাবে না।

০৬. হাটের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে এবং হাটকে কেন্দ্র করে স্থানীয়ভাবে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে ইজারাদারকে দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৭. প্রতিদিন হাট শেষে হাটের বর্জ্য অপসারণের জন্য ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৮. কোরবানির পশুর হাট ব্যবস্থাপনার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত সিদ্ধান্ত/নির্দেশনা সমুহ আব্যশিকভাবে পালন করতে হবে।

০৯. কোরবানির পশুর হাট-ব্যবস্থাপনার বিষয়ে ১২ জুন, ২০২৩ খ্রি. তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ-এ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/নির্দেশনাসমূহ আব্যশিকভাবে পরিপালন করতে হবে।

১০. কোরবানির পশুর হাট ব্যবস্থাপনার বিষয়ে ১৯ জুন, ২০২৩ খ্রি. তারিখ জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত/নির্দেশনাসমূহ আব্যশিকভাবে পরিপালন করতে হবে।

১১. উপরিউক্ত শর্তাবলী লঙ্ঘন করলে বা পরিপালনে ব্যর্থ হলে হাট বন্ধকরণসহ সংশ্লিষ্ট ইজারাদারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. উক্ত কোরবানির পশুর হাট কোন অবস্থাতেই সাব লিজ দেওয়া যাইবে না।
১৩. হাটকে কেন্দ্র করে কোন খাবার হোটেল, চা, পান বা সিগারেটের দোকান বসানো যাবে না। হাটগুলোকে ধূমপানমুক্ত এলাকা হিসাবে ঘোষনা করতে হবে।
১৪. অস্থায়ী হাটের বিদ্যমান কোন স্থাপনা/কাঠামো ক্ষতিগ্রস্থ করা যাবে না।
১৫. ইজারাদার পশুর হাটের স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন
১৬. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাইবে না।
১৭. ইজারাদার নিজ খরচে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
১৮. অস্থায়ী পশুর হাটের সংশ্লিষ্ট স্থানের বিদ্যমান স্থায়ী কাঠামো ক্ষতিগ্রস্থ্য করা যাইবে না।
১৯. উপরিউক্ত শর্তাবলি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন মর্মে ইজারাদারগণ অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
২০. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে উক্ত ইজারা ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

(আলহাজ্ব মাওঃ মোঃ আব্দুস ছালাম)
মেয়র
দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
ই-মেইল- dpnet1994@gmail.com
২০/০৬/২০২৩

প্রাপক :.........................................................................

.........................................................................

.........................................................................।

স্মারক নং: দুর্গা:পৌর/প্রশা/অস্থায়ী হাট-বাজার/২০২৩-

তারিখ : ০৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ।
২০ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
০৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৫। চেয়ারম্যান, দুর্গাপুর উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
০৭। সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণা।
০৮। অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা, দুর্গাপুর, নেত্রকোণা।
০৯। কাউন্সিলর (সকল) দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
১০। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, দুর্গাপুর, নেত্রকোণা।
১১। ঠিকাদার (সকল) দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।
১২। ইজারাদার (সকল) দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা।
১৩। উচ্চমান সহকারী, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা (বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য ০১ (এক) দিন ব্যাপী মাইকিং করার জন্য বলা হইল)।
১৪। অফিস কপি।

(আলহাজ্ব মাওঃ মোঃ আব্দুস ছালাম)
মেয়র
দুর্গাপুর পৌরসভা, নেত্রকোণা।
ই-মেইল- dpnet1994@gmail.com
২০/০৬/২০২৩